



## পাবলিক ভার্সিটিতে জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান ইউজিপি চেয়ারম্যানের

প্রকাশিত: ০৩ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এখন অন্যতম প্রধান বিষয়। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং বিদ্যমান পরিস্থিতির পরিবর্তনে সংশ্লিষ্টদের তিনি আরও মনোযোগী হওয়ার আহ্বান জানান। ইউজিসি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ইউজিসি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নিয়ে মঙ্গলবার এ মূল্যায়ন সভার আয়োজন করে। সরকারী কর্মব্যবস্থাপনা পদ্ধতির আওতায় ইউজিসি দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে। এই চুক্তির মূল উদ্দেশ্য দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং উৎকর্ষ সাধন করা।-বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com

